# গাজী নজরুলের সঙ্গে মরিয়মের সম্পর্কের মূল হোতা শ্যালক ওবায়দুর: বাবা



ছবি: সংগৃহীত

মরিয়ম খাতুনকে সংসদ সদস্য গাজী নজরুল ইসলামের সঙ্গে সম্পর্কে জড়ানোর পেছনে ওবায়দুর রহমানের ভূমিকা ছিল বলে অভিযোগ করেছেন মরিয়মের বাবা মাসুম বিল্লাহ। তিনি ওবায়দুরকে নিজের শ্যালক হিসেবে উল্লেখ করে বলেন, টাকার লোভ দেখিয়ে মরিয়মকে ওই সম্পর্কে জড়ানো হয়েছিল এবং পরে আত্মহত্যায় প্ররোচিত করা হয়।

সোমবার (২১ সেপ্টেম্বর) সকাল ১১টার দিকে শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে সাংবাদিকদের কাছে এসব কথা বলেন মাসুম বিল্লাহ। সেখানে মরিয়মের মরদেহ নেওয়ার অপেক্ষায় ছিলেন পরিবারের সদস্যরা। এ সময় মরিয়মের দাদিও সাংবাদিকদের সঙ্গে কথা বলেন।

মাসুম বিল্লাহ বলেন, “আজকে এই পরিস্থিতির জন্য আমার শ্যালক ওবায়দুর দায়ী। এই রাস্তায় সেই নিয়ে আসছে। টাকার লোভে জড়ায়ে দিয়ে আত্মহত্যার প্ররোচিত করেছে।”

মেয়ের সঙ্গে নিয়মিত কথা হতো জানিয়ে মাসুম বিল্লাহ বলেন, “মেয়ে কখনো কোনো কিছু নিয়ে অভিযোগ করেনি।”

এদিকে মরিয়মের মৃত্যুর ঘটনায় ন্যাম ভবনের ওই ফ্ল্যাট থেকে বিভিন্ন আলামত সংগ্রহ করেছে পুলিশ ও সিআইডির ক্রাইম সিন ইউনিট। মরিয়মের হাতে লেখা কয়েকটি চিঠিও সেখান থেকে উদ্ধার করা হয়েছে।

রাজধানীর ন্যাম ভবনের সরকারি আবাসনের ৫ নম্বর ভবনের ২০৩ নম্বর ফ্ল্যাটে দুই স্ত্রীকে নিয়ে থাকতেন গাজী নজরুল ইসলাম। রোববার সন্ধ্যায় ওই ফ্ল্যাট থেকেই মরিয়মের ঝুলন্ত মরদেহ উদ্ধার করা হয়। ঘটনার সময় ফ্ল্যাটে গাজী নজরুল ও তার প্রথম স্ত্রী মাকসুদা বেগম ছিলেন।

এর আগে গত ২০ জুলাই গাজী নজরুল ইসলাম ও মরিয়ম খাতুনের একটি অন্তরঙ্গ ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে। পরে বিষয়টি নিয়ে আলোচনা-সমালোচনার মধ্যে গাজী নজরুল ইসলামকে বাংলাদেশ জামায়াতে ইসলামী থেকে বহিষ্কার করা হয়।